

০৪। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৯.২ অনুযায়ী উদ্ভাবনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে উল্লেখ রয়েছে। সভাপতি এ বিষয়ে সদস্যদের মতামত দিতে অনুরোধ করলে এ বিভাগের উপসচিব জনাব ড. দিপংকর রায় বগুড়ায় অবস্থিত আরজিএ, উপসচিব জনাব মোঃ দিলদার হোসেন গাজীপুরে অবস্থিত হাইটেক পার্ক ও স্ময়ার ফার্মাসিউটিক্যালস, উপসচিব জনাব মোসাঃ কামরুন্নাহার যশোরে অবস্থিত বিবিএস এর ডাটা সেন্টার, সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম পাবনার রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র ও রামপাল বিদ্যুৎ কেন্দ্র এবং সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব মুঃ ওয়াহিদ মুরাদ চট্টগ্রামে অবস্থিত পিএইচপি অটোমোবাইলস লিমিটেড ও গাজীপুরে অবস্থিত ওয়াল্টন কম্পিউটার ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট-এর নাম উল্লেখ করেন। সভার মতামত শেষে সভাপতি পায়রাবন্দর, পটুয়াখালীকে ও লিফ্টে রাখার জন্য বলেন এবং সচিব মহোদয়ের অনুমতিক্রমে তারিখ ও স্থান নির্ধারণ করা হবে বলে অভিমত দেন।

০৫। বিভাগীয় আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১. ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া চূড়ান্ত করা হয়।
- ২. সচিব মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্তকৃত অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া চূড়ান্ত করা হয়।
- ৩. বিভাগে ০৫-০২-২০২১ তারিখের পূর্বেই প্রেরণ করতে হবে।
- ৪. উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক ১টি ১(এক) দিনের কর্মশালা/সেমিনার ও ২টি ২(দুই) দিনের প্রশিক্ষণ দ্রুততম সময়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫. উদ্ভাবনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের উদ্দেশ্যে সচিব মহোদয়ের অনুমতিক্রমে স্থান ও তারিখ নির্ধারণ করতে হবে।
- ৬। অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল আলম
সুপারসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চীফ ইনোভেশন
অফিসার

তারিখ: ২৮ জানুয়ারি ২০২১
১২ জানুয়ারি ২০২১

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০.৩১

বিতরণ ক্ষেত্রভার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

